

মালিতে বসবাসকারী মানুষও ভিডিও দেখে

মনোযোগ দেওয়ার মতো পোক্ত প্রতিদ্বন্দ্বী : স্ট্রাইগা

স্ট্রাইগা আফ্রিকা মহাদেশের সবচেয়ে জঘন্য আগাছা। নানা দেশে FFS (ফার্মার ফিল্ড স্কুল) আছে, সেসব স্কুলের কৃষকদের কথা অনুযায়ী ICRISAT এর গবেষকেরা জানতে পারেন যে, এ-সকল কৃষকেরা স্ট্রাইগা নামক আগাছার উদ্ভট ও কঠিন প্রজনন কৌশল দেখে বিভ্রান্ত ছিল। কৃষকেরা এই আগাছার ছোটো বীজ দেখে চিনতে পারত না এবং বুঝতে পারত না যে, আগাছা চারাগাছ মাটির ভেতর থেকে গজিয়ে ওঠার আগে মাটির নিচে সপ্তাহখানিক অন্য ফসলের শিকড়ের উপর পরজীবী হিসেবে বেঁচে থাকে।



কৃষকদের হাতে ভিডিও দিয়ে দাও, তারা এটি ব্যবহার করবে

ভিডিও বনাম কর্মশালা এবং সরাসরি প্রদর্শন

গবেষকেরা কখনোই FFS এর মাধ্যমে আফ্রিকার সকল কৃষকদের কাছে পৌঁছাতে পারতেন না। কারণ, এ-সকল FFS এ সদস্যসংখ্যা ছিল খুব কম। তাই তারা স্ট্রিগা নিয়ন্ত্রণের জন্য FFS এর স্নাতক কৃষকেরা যে কৌশল ব্যবহার করেছিল তার উপর ১০টি ভিডিও তৈরি করে এবং সেগুলো জনসাধারণের মাঝে বিতরণের জন্য ডিভিডি তৈরি করে। ICRISAT এই ডিভিডি'র ২০ হাজার কপি তৈরি করে এবং সেগুলো ১০ হাজার জন কৃষকের মাঝে বিতরণ করে।

মালিতে চালানো একটি ফলোআপ স্টাডি থেকে জানা যায়, যারা এই ডিভিডিগুলো পেয়েছে, তাদের বেশিরভাগ তা দেখার জন্য কোনো-না-কোনো উপায় খুঁজে বের করেছে। উদাহরণস্বরূপ, স্কুল বা কোনো প্রতিবেশীর কাছে ডিভিডি প্লয়ার ও টিভি সেট, ল্যাপটপ অথবা পর্দাসহ ছোটো বহনযোগ্য ডিভিডি প্লয়ার ছিল, যেগুলোতে তারা বিনোদনমূলক অনুষ্ঠান দেখত।

সম্প্রসারণ কর্মীদের কাছে উত্তর পাওয়ার চিন্তা বাদ দিয়েই বেশিরভাগ গ্রামবাসী এই ভিডিওগুলো নিজেদের উদ্যোগে দেখেছিল। কিছু লোকের ডিভিডিগুলোর ভাষা তালিকা নিয়ে সমস্যা হয়েছিল কিন্তু বেশিরভাগই ডিভিডি'র আর্টটি ভাষা তালিকা থেকে মালির ভাষা 'বামবারা' নির্বাচন করতে পেরেছিল।

কিছু লোক ভিডিওগুলো কয়েকবার করে দেখেছে এবং সেগুলো নিয়ে স্টাডি করার জন্য বিভিন্ন অনুষ্ঠানে প্রতিবেশীদের আমন্ত্রণ করে এনেছে। রেডিও স্টেশনগুলো এই ভিডিওগুলোর অডিও ভার্শন করে তা সম্প্রচার করেছে এবং কৃষকদের স্টুডিওতে ডেকে এনে সেই বিষয়গুলো নিয়ে আলোচনা করেছে। কিছু শ্রোতা রেডিও স্টেশনগুলোতে গিয়ে অনুরোধ করে এই ডিভিডিগুলোর কপি তাদের গ্রামে নিয়ে গেছে।

উপসংহার

এই ভিডিওগুলো কী করতে হবে শুধু তাই বলে না, বরং একটি কৌশল কীভাবে এবং কেন কাজ করে তাও ব্যাখ্যা করে। যার ফলে ক্ষুদ্র কৃষকেরা সৃজনশীলভাবে এই কৌশলগুলো আয়ত্ত করতে পেরেছে। উদাহরণস্বরূপ, যখন কৃষকেরা বুঝতে পারল যে, শিম-জাতীয় ফসলগুলো স্ট্রাইগার গাছ অঙ্কুরিত হতে সাহায্য করে এবং অঙ্কুরিত হওয়ার পর আগাছাগুলো মেরে ফেলে তখন থেকেই তারা বিভিন্ন ধরনের শস্যদানা ও শিম-জাতীয় ফসলগুলো জমির অন্যান্য ফসলের চারাগাছের সারির মাঝখানে চাষ করতে শুরু করে। কৃষকেরা নিড়ানির জন্য নতুন উপায় উদ্ভাবন করে। যেমন, হাত দিয়ে নিড়ানির পাশাপাশি নিড়ানি-যন্ত্রও ব্যবহার করে। অনেকে আবার ভিন্ন উপায়ে সার ব্যবহার করার চেষ্টা করে [যেমন, জৈবসার ও মাইক্রো ডোসিং], যা ফসলগুলোর টিকে থাকার শক্তি আরও জোরালো করে, যাতে করে সেগুলো স্ট্রাইগা গাছের ক্ষতিকর প্রভাব থেকে নিজেদের রক্ষা করতে পারে।

যোগাযোগ: পল ভ্যান মেল | paul@agroinsight.com

নিবন্ধটি উদ্ধৃত করতে :

Bentley, Jeffery, Van Mele, Paul, Touré, Sidi, & van Mourik, Tom 2013
Fighting striga and improving fertility with videos in Mali. Access
Agriculture: Nairobi.



communicating agriculture

সারসংক্ষেপ ও
ছবি: জেফ বেন্টলে